



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী।



স্মারক নং: ১৩.০১.৬৮৬০.০০১.১৯.০০১.২০.৫০৪

তারিখ: ০৮-০৫-২০২৩ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

“The Control of Essential Commodities Act, 1956” এর আওতায় খাদ্যশস্য ব্যবসায়ীদের “খাদ্যশস্য লাইসেন্স” এর আওতাভুক্ত করার নির্দেশনা রয়েছে। লাইসেন্সবিহীন সকল খাদ্যশস্য ব্যবসায়ীকে লাইসেন্সের আওতায় আনার জন্য খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য অধিদপ্তরের সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগের নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রম অব্যাহত থাকবে।

- প্রতিটি বাজারে লাইসেন্সবিহীন আমদানিকারক, খুচরা ও পাইকারী ব্যবসায়ীদের তালিকা প্রস্তুত করা হবে এবং তাদেরকে লাইসেন্স গ্রহণের জন্য ০৩ (তিন) কর্ম দিবস দেওয়া হবে।
- জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্টের মাধ্যমে লাইসেন্সবিহীন খাদ্যশস্য ব্যবসায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। আইন অনুযায়ী জেল-জরিমানা প্রদান করা হবে।
- লাইসেন্সধারী ব্যবসায়ীগণ দৈনিক হিসাব রেজিস্টার, আমদানী, ক্রয়/ বিক্রয়ের হিসাব, ক্রয়/ বিক্রয় রশিদ সংরক্ষণ করতে হবে এবং ১৫ দিনে অন্তর অন্তর নির্দিষ্ট ফরমে তথ্য সরবরাহ নিশ্চিত করতে হবে।

জানা যায় যে, মাঠ পর্যায়ে অনেক খাদ্যশস্য ব্যবসায়ী লাইসেন্স গ্রহণ না করেই বেআইনীভাবে উল্লেখযোগ্য পরিমাণ খাদ্যশস্য মজুত করছেন, যার ফলে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি হচ্ছে এবং পণ্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে।

এমতাবস্থায়, শাস্তি এড়াতে লাইসেন্সবিহীন ব্যবসায়ীগণকে আজই লাইসেন্স গ্রহণ, লাইসেন্সধারী ব্যবসায়ীগণকে দৈনিক হিসাব রেজিস্টার, আমদানী ক্রয়/ বিক্রয়ের হিসাব, ক্রয়/বিক্রয় রশিদ স্বচ্ছতার সহিত সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

আগামী ১৫মে’২০২৩ হতে ২১মে’২০২৩ পর্যন্ত “খাদ্যশস্য লাইসেন্স সপ্তাহ” চলমান থাকবে।

৩০-০৬-২০২৩ খ্রি. তারিখের মধ্যে (সংশ্লিষ্ট দপ্তর হতে চালান পাশ পূর্বক) সোনালী ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করে লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত ৩০-০৬-২০২৩ খ্রি. তারিখের পরে (১০% জরিমানা সহ ৩০-০৯-২০২৩ তারিখের মধ্যে নবায়ন করা যাবে। উক্ত সময়ের মধ্যে নবায়নে ব্যর্থ হলে ইস্যুকৃত লাইসেন্স আপনা আপনি বাতিল হয়ে যাবে।

উল্লেখ্য একজন পাইকারী ব্যবসায়ী ৩০০ মে.টন চাল সর্বোচ্চ ৩০ দিন ও একজন খুচরা ব্যবসায়ী ১৫ মে.টন চাল সর্বোচ্চ ১৫ দিন মজুদ রাখিতে পারবেন।

০৮-০৫-২০২৩

মুহাম্মদ আলমগীর হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নরসিংদী সদর, নরসিংদী।